দামুড়হুদার ডুগডুগী পশুহাট পরিদর্শনে উপজেলা চেয়ারম্যান বাবু

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগী পশুহাটের সার্বিক উন্নয়ন কল্পে পরিদর্শন করেন উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। আজ রোববার বেলা ১২ টার দিকে সরজমিনে তারা ডুগডুগী পশুহাট পরিদর্শন করেন।

দামুড়হুদা উপজেলার একমাত্র সনামধন্য পশুহাট হিসেবে ডুগডুগী পশুহাট সারা দেশ ব্যাপী পরিচিত ও সমাদৃত। এই হাটে দেশের বিভিন্ন প্রান্ত থেকে বড় বড় গরুর ব্যাপারীরা এসে ট্রাক ভর্তি করে গরু কিনে দেশের বিভিন্ন প্রান্তে পাঠায়। হাটের সার্বিক উন্নয়ন খুবই জরুরী, এরই ধারাবাহিকতায় উপজেলা চেয়ারম্যান ও ইউএনও ডুগডুগী পশুহাট পরিদর্শন করেন।

এসময় দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু বলেন, হাটের সার্বিক উন্নয়ন করা হবে। হাটে কানেকটিং রোড করা হবে, পাসঘর ও অফিসের কানেকটিং রোড করা হবে। প্রধান সড়কের পাশে জিআই পাইপ দ্বারা ফ্রিসিং করা হবে। হাটের মধ্যে দোয়ার ধারের সাইড দিয়ে গাইড ওয়াল তৈরি করা হবে। বাইরে থেকে আগত গরুর ব্যাপারী ও হাটে আসা সকলের জন্য টয়লেট ওয়াশরুম ও গোসলখানা নির্মাণ করা হবে। হাটের মধ্যে সোলার লাইটিং স্থাপন করা হবে, ২ টা পাশ ঘর নির্মাণ করা হবে। হাটের মধ্যে দোয়ার ধারে সিরি ঘাট সংস্কার করা হবে। প্রধান সড়ক থেকে সিরি ঘাট পর্যন্ত নতুন রাস্তা নির্মাণ করা হবে। হাটের বিভিন্ন স্থানে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা হবে। বাইরে থেকে হাটে এসে কেউ যেনো হয়রানির শিকার না হয় এবং হাটের দিন যাতে যানজটের সমস্যা না হয় সে লক্ষ্যে সব ধরনের ব্যাবস্থা গ্রহন করা হবে।

এবিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, মননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের মানুষের উন্নয়নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন, তারই ধারাবাহিকতায় উপজেলার হাউলী ইউনিয়নে ডুগডুগী পশুহাটের সার্বিক কাজের উন্নয়ন করা হবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ,

কার্য-সহকারী সেলিম হোসেন, রোকন শিকদার, উপজেলা প্রশাসনের সিএ ফয়জুল ইসলাম, ডুগডুগী পশুহাট মালিক সোহরাব হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের যুগ্ম আহবায়ক রাসেল আহাম্মেদ প্রমূখ।